# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**26 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার বিধানসভায় উত্তর লখিমপুর বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল - ২০২৬ দাখিল ।

২) আসাম মৎস্য উন্নয়ন নিগমের সরকারী অর্থের অপব্যবহারের অভিযোগে রাজ্যে ৮ জন আধিকারিক আটক ।

৩) সামাজিক মাধ্যমে শিশু সুরক্ষা ও গোপনীয়তা সুনিশ্চিত করার লক্ষ্যে রাজ্যের বিদ্যালয়সমূহকে বিশেষ পরামর্শ ।

এবং

৪) জুবিন গার্গের মৃত্যুর মামলায় ৮ জন অভিযুক্তের বিরুদ্ধে বিচারের ধারা নিশ্চিত ।

---

ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশনের আজ চতুর্থ দিনের কার্যসূচী শুরুতেই মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা উত্তর লক্ষিমপুর বিশ্ববিদ্যালয় সংশোধন বিল ২০২৬ বিধানসভায় উত্থাপন করেন ।এরপর মুখ্যমন্ত্রী রাজ্যপালের ভাষণের উপর আলোচনায় অংশগ্রহণ করে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন ।মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের জনসাধারণের বিকাশ এবং সুরক্ষার স্বার্থে জনসাধারণ বিজেপি মিত্রজোঁটকে বিপুল ভোটে জয়ী করেছে ।মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে প্রথমে নবনির্বাচিত বিধায়ক বিশেষ করে যুব বিধায়কদের অভিনন্দন জানান । ডঃ শর্মা সংসদে রাষ্ট্রপতির ভাষণের মর্যাদার কথা উল্লেখ করে বলেন যে সংসদের প্রত্যেক সদস্য রাষ্ট্রপতির ভাষণের প্রতি সম্মান প্রদর্শন করে শান্তিপূর্ণভাবে তাঁর ভাষণ শুনেন । আসামেও বিধানসভার মতো সাংবিধানিক প্রতিষ্ঠানের প্রতি সম্মান প্রদর্শন করে দেশবাসীর কাছে সুস্থ নির্দশন তুলে ধরা সম্ভব বলে তিনি মন্তব্য করেন ।

# বাইট - সি এম #

মুখ্যমন্ত্রী ডঃ শর্মা তাঁর ভাষণে স্বাস্থ্য ক্ষেত্রের অগ্রগতির কথা উল্লেখ করে বলেন যে স্বধীনতার পর রাজ্যে প্রসুতি মৃত্যুর হার দেশের মধ্যে সর্বাধিক ছিল । বর্তমানে এই সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে এবং এই ক্ষেত্রে দেশের ১০ টি উন্নত রাজ্যের মধ্যে আসাম অন্যতম বলে তিনি জানান ।মুখ্যমন্ত্রী বলেন যে আসামের বেশ কয়েকটি সশস্ত্র সংগঠনের সঙ্গে আলোচনার ফল স্বরূপ বর্তমানে ৬ হাজারের ও বেশী যুবক মূল স্রোতে ফিরে এসেছে । একটা সময়ে কেন্দ্রীয় সরকারের অনুদানের ওপর নির্ভরশীল আসাম বিগত ৫ বছরের প্রচেষ্টার পর বর্তমানে শিক্ষা , ক্রীড়া , সংস্কৃতি সব ক্ষেত্রেই উন্নয়নের দিকে অগ্রসর হচ্ছে । আগামী ৫ বছরে রাজ্যে দরিদ্র লোকের হার বর্তমানের ১৭ শতাংশ থেকে হ্রাস পেয়ে ২/৩ শতাংশ হবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।উল্লেখ্য আগামীকাল আসাম বিধানসভার অধিবেশন সমাপ্ত হবে ।

---------------------------------------------------------------------------------------

আসাম মৎস্য উন্নয়ন নিগমের সরকারী অর্থের অপব্যবহারের অভিযোগ সম্পর্কে রাজ্য সরকারের তদারকী  ও দর্নীতি নিবারণ সঞ্চালকালয় আজ গৌহাটী সহ রাজ্যের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৭ জন আধিকারিককে আটক করেছে । গৌহাটী , বেলসর , গৌরীপুর ও রহা সহ বিভিন্ন স্থানে চালানো অভিযানে আটক হোয়া আধিকারিকরা হলেন মৎস্য উন্নয়ন নিগমের আগের পরিচালন সঞ্চালক অনুরাধা অধিকারী শর্মা , পূর্বের কার্যবাহী বাস্তুকার জ্যোতিষ শ ইকীয়া ও বিরিঞ্চি অধিকারী , পূর্বের সহকারী কর্যবাহী বাস্তুকার জ্যোতি প্রসাদ শইকীয়া , পূর্বের সহকারী বাস্তুকার সাহাবুদ্দিন আহমেদ , পূর্বের প্রকল্প প্রবন্ধক ভগীরথ দাস ও প্রতিষ্ঠানটির পূর্বের সহকারী কারিগরী আধিকারিক রবীন্দ্র নারায়ন ডেকা । তদারকী ও দুর্নীতি নিবারণ সঞ্চালকালয়ের প্রবীন পুলিশ সুপারের উদ্ধৃতি দিয়ে আকাশবানীর সংবাদদাতা জানিয়েছেন যে এসম্পর্কে ইতিমধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

সামাজিক মাধ্যমে শিশুর সুরক্ষা ও গোপনীয়তা সুনিশ্চিত করার লক্ষ্যে আসাম পুলিশ রাজ্যের বিদ্যালয়গুলিকে বিশেষ পরামর্শ জারী করেছে । এর মাধ্যমে বিদ্যালয়গুলির শিক্ষক তথা অন্যান্য কর্মচারীকে এ আই মর্ফিং , গ্রুমিং , সাইবার বুলিং ইত্যাদি সম্পর্কে অধিক সচেতন হবার আহ্বান জানিয়ে শিশুর নাম , শ্রেনী , আবস্থিতি বা ফোন নম্বর জাতীয় ব্যাক্তিগত তথ্য সামাজিক  মাধ্যমে শেয়ার করা থেকে বিদ্যালয় কতৃপক্ষকে বিরত থাকতে আসাম পুলিশ পরামর্শ দিয়েছে । এছাড়া সাইবার অপরাধ থেকে রক্ষা করার জন্য শিশুকে সহজে শনাক্ত করতে নাপারার মতো ফটো বা ভিডিও পোষ্ট করার বিপরীতে দলীয় ফটো , মুখমন্ডল অনুজ্জ্বল করা ফটো পোষ্ট করতে

পরামর্শ প্রদান করা হয়েছে । অন্যদিকে শিশুর অংশগ্রহণ করা অনুষ্ঠানের স্থান উল্লেখ না করতে বিদ্যালয়সমূহকে বিশেষভাবে সতর্ক করে দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

দেশের বানিজ্য মহানগরী মুম্বাইতে দ্বিতীয় অসম ভবন নির্মানের জন্য আসাম সরকারকে গতকাল আনুষ্ঠানিকভাবে ৪ দশমিক ৮ বিঘা জমি হস্তান্তর করা হয় । কেন্দ্রীয় জাহাজ ও বন্দর মন্ত্রনালয়ের পক্ষ থেকে মুম্বাইর কটন গ্রীণে জমিটির স্বত্ব প্রদান করা হয় ।আসাম সরকারের হয়ে নগাও জেলার আয়ুক্ত তথা অসম ভবন মুম্বাইর অতিরিক্ত যুগ্ম আবাসিক আয়ুক্ত দেবাশীষ শর্মা এই স্বত্ব গ্রহণ করেন ।উল্লেখ্য নবী মুম্বাই এ থাকা অসম ভবনে যথেষ্ট থাকার জায়গা না থাকার পরিপ্রেক্ষিতে অন্যারেকটি অসম ভবনের আবশ্যকতা হয়ে পড়ে । এই নতুন অসম ভবনে আসাম থেকে চিকিৎসার জন্য মুম্বাই এ যাওয়া ক্যানসার রোগীরা সহ আন্যান্য অতিথিদের জন্য থাকার সুবিধা করে দেওয়া এবং মুম্বাই  আসামের সংস্কৃতি ,পর্যটন ও বানিজ্যের সম্ভাবনা প্রচারের গুরুত্বপূর্ন কেন্দ্র হিসেবে গড়ে উঠবে বলে শ্রী শর্মা উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------------

জুবিন গার্গের রহস্যজনক মৃত্যু মামলার বিচারপতি শর্মিলা ভূইয়াঁর বিশেষ ফাষ্টট্রেক আদালতে আজ ৮ জন অভিযুক্তের বিরুদ্ধে মামলার ধারা আরোপ করা হয় ।আদালত পরবর্তী পর্যায়ে হত্যা , অপরাধমূলক ষড়যন্ত্র , মৃত্যুমুখে ঠেলে দেওয়া ইত্যাদি অপরাধের জন্য ভারতীয় ন্যায় সংহিতার বিভিন্ন ধারার অধীনে অভিযুক্তদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া আরম্ভ করবে । উল্লেখ্য অভিযুক্তদের মধ্যে কেউই নিজের দোষ স্বীকার না করায় আদালত আগামী ৮ জুন অভিযুক্তদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু করবে । ঐদিন থেকেই সাক্ষীদেরকে আদালতে হাজির করানোর নির্দেশ দেওয়া হয়েছে ।জুবিন গার্গের মৃত্যু মামলার বিশেষ তদন্তকারী দল সাক্ষী হিসেবে ৩৯৪ জন লোকের তালিকা ইতিমধ্যে আদালতে দাখিল করেছে ।

---------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব ভারতে মৎস্য চাষ ক্ষেত্রকে আরো শক্তিশালী করতে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ৩২ কোটী ১৫ লক্ষ টাকা ব্যয়ে একটি প্রকল্প শুরু করা হয়েছে । মিজোরামের রাজধানী আইজলে গতকাল আয়োজিত উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক পর্য্যালোচনা বৈঠকে একথা জানানো হয়েছে । কেন্দ্রীয় মৎস্য , পশু পালন ও দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রী রাজীব রঞ্জন সিংহের পৌরহিত্যে আয়োজিত সভায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জর্জ কুরিয়ান সহ উত্তর-পূর্বাঞ্চলের মৎস্য মন্ত্রীরা উপস্থিত ছিলেন । এই পর্য্যালোচনা বৈঠকে আসামের প্রতিনিধি হিসেবে প্রাক্তন মৎস্য ও পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পাল অংশগ্রহন করেন ।

উল্লেখ্য প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনা এবং ফিসারীস এন্ড এগ্রিকালচার ইনফ্রাস্ট্রাচার ডেভোলাপমেন্ট ফান্ড থেকে উত্তর -পূবাঞ্চলের মৎস্য পরিকাঠামো ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই প্রকল্প গ্রহন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

কাজী নজরুল ইসলামের ১২৭ তম জন্ম বার্ষিকী উদযাপন সমিতির উদ্যোগে আজ শিলচরে যথাযোগ্য মর্য্যাদা ও শ্রদ্ধার সঙ্গে কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্ম দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সমিতির সভাপতি শিহাব উদ্দিন আহমেদ , সম্পাদক নকুল রঞ্জন পাল সহ সমিতির কর্মকর্তারা কবির মূর্তিতে শ্রদ্ধা জ্ঞাপন করেন । পরে কবি মূর্তির পাদদেশে আয়োজিত আলোচনা সভায় কাজী নজরুল ইসলামের সৃষ্টি , সাম্যবাদী চেতনা ও জীবনের নানা দিক নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয় ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলার কাবুগঞ্জ জনতা কলেজের মহিলা সেল আই কিউ এ সি-র উদ্যোগে আজ পণপ্রথার অভিশাপ শীর্ষক বিষয়ের উপর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । কলেজের উপাধ্যক্ষা সুজাতা পালিতের পৌরহিত্যে আয়োজিত সভায় মূখ্য বক্তা তথা শিলচর বার এসোসিয়েশনের আইনজীবি পঞ্চমী নাথ বলেন যে সরকার পণ প্রথা নিরসনে কঠোর আইন প্রনয়ন করেছে কিন্তু শুধুমাত্র আইন করলেই এই সমস্যার সমাধান হবে না । আইনজীবি শ্রীমতি নাথ পণ প্রথা দূর করতে শিক্ষা , সচেতনতা এবং নারীদের প্রতি সম্মান অত্যন্ত জরুরী বলে মত প্রকাশ করেন ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার স্বাস্থ্য বিভাগের মানসিক স্বাস্থ্য শাখার উদ্যোগে গতকাল লাতু মিনি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে বিশ্ব সিজোফ্রেনিয়া দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে মানসিক স্বাস্থ্য সর্ম্পকে সচেতনতা বৃদ্ধি , প্রাথমিক পর্য্যায়ে রোগ শনাক্তকরন এবং সিজোফ্রেনিয়া ও অন্যান্য মানসিক রোগে আক্রান্ত ব্যাক্তিদের পরিচর্য্যাকারীদের ভূমিকা নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । আলোচনা সভায় ডক্টর অরুনিতা বর্মন , ডক্টর দীপাঞ্জন ধর , মানসিক স্বাস্থ্য কর্মী সুস্মিতা দাস প্রমূখ মানসিক রোগে আক্রান্ত ব্যাক্তিদের চিকিৎসা , পরিচর্য্যা এবং সহমর্মিতা নিয়ে বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------